

ইসলামী ভাসিটি বন্ধ ঘোষণা

ছাত্রদের হুল ত্যাগের নির্দেশ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-দাতা II. ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ইনাম-উল হকের অপসারণের দাবীতে আলোচন অব্যাহত থাকার প্রেক্ষিতে আগামীকাল (শনিবার) হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হইয়াছে। গত বুধবার সিওকেট সভার সিদ্ধান্তক্রমে এই ঘোষণা দেওয়া হয়। কর্তৃপক্ষ ইহাকে পূর্ব ঘোষিত শীতকালীন ছুটি হিসাবে

দেখাইলেও গতকাল (বৃহস্পতিবার) এক বিজ্ঞপ্তি মোতাবেক বেলা ২টার মধ্যে ছাত্র-ছাত্রীদেরকে হুল ত্যাগের নির্দেশ দেওয়া হয়। অধিকাংশ বিভাগের পরীক্ষা চলাকালীন এবং আগামী ১লা জানুয়ারী হইতে প্রায় সকল (১৫শ পঃ ৩-এর কঃ দঃ)

ইসলামী ভাসিটি

(১ম পঃ পর)

বিভাগে পরীক্ষা থাকায় ছাত্র-ছাত্রীরা অনিচ্ছা সত্ত্বেও কর্তৃপক্ষের বাধ্যতায় দেওয়া সময়ের দেড় ঘন্টা পর হুল ত্যাগ করিয়াছে। হুল ত্যাগী ছাত্র-ছাত্রীদের জন্য কোন গাড়ীর ব্যবস্থা করা হয় নাই। ছাত্রলীগ (শা-পা), ছাত্রদল ও ছাত্রশিবির পৃথক পৃথকভাবে কর্তৃপক্ষের এহেন সিদ্ধান্তের নিন্দা জানাইয়াছে।

এদিকে গত বুধবার ভিসির সহিত ছাত্রদল নেতৃবৃন্দের এক বৈঠকে কেন্দ্র করিয়া গতকাল ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করে। ব্যাপক দুর্নীতি, অনিয়ম, দলীয়করণ, অর্থ আত্মসাৎ ও ক্ষমতা অপব্যবহারের অভিযোগে অবিলম্বে ভিসির অপসারণ ও সকল দলীয় নিয়োগ বাতিলের দাবীতে ছাত্রলীগ ও শিবির পৃথকভাবে ভিসি অফিস অবরোধ করিয়া রাখে বেলা ২টা পর্যন্ত। এ সময় বেশ কিছু দাবীতে ছাত্রদলও অনুরূপ কর্মসূচী দেয়। তবে ছাত্রদল নেতা ওয়ালিদ হাসান পিকুলের নেতৃত্বে একটি গ্রুপ ভিসির সহিত সাক্ষাতের পর কর্মসূচী প্রত্যাহারের ঘোষণা দিলে উত্তেজনা সৃষ্টি হয়। এই ঘটনাকে কেন্দ্র করিয়া গতকাল ক্যাম্পাসে বিবদমান ছাত্র সংগঠনসমূহ বিভিন্ন গ্রুপে বিভক্ত হইয়া মহড়া প্রদর্শন করে। বিশ্ববিদ্যালয় এলাকায় ব্যাপক হারে বহিরাগত সশস্ত্র ক্যাডারদের অনুপ্রবেশ ঘটে। দুইটি হুল ও সংলগ্ন এলাকায় থামিয়া থামিয়া হাত বোমার বিস্ফোরণ ঘটানো হয়। তবে কোন বড় ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।